



# হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

১২০/৩, দারুস-সালাম, মিরপুর, ঢাকা-১২১৬

## হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট মিডিয়া অ্যাওয়ার্ড ২০১৮

কৃষি বাস্কব, পরিবেশ বাস্কব, দুর্যোগ সহনীয়, টেকসই ও ব্যয়সাশ্রয়ী নির্মাণ সামগ্রী নিয়ে প্রতিবেদন তৈরিতে উৎসাহ যোগাতে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট কতৃক প্রথম বারের মতো মিডিয়া অ্যাওয়ার্ড ২০১৮ প্রদান।

অংশগ্রহনের যোগ্যতাঃ এইচবিআরআই উদ্ভাবিত কৃষি বাস্কব, পরিবেশ বাস্কব, দুর্যোগ সহনীয়, টেকসই ও ব্যয়সাশ্রয়ী নির্মাণ সামগ্রীর বিষয়ে ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রতিবেদন প্রচার ও প্রকাশ করেছে এমন ব্যক্তি/ প্রতিষ্ঠান প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে।

প্রতিবেদন প্রকাশের/প্রচারের সময়সীমা: ১ জানুয়ারী ২০১৭ থেকে ৩১ জানুয়ারী ২০১৮।

### আবেদনের বিভাগঃ

- প্রিন্ট মাধ্যম- প্রতিবেদন (সংবাদ প্রতিবেদন, অনুসন্ধানী প্রতিবেদন, উপসম্পাদকীয়)।
- অনলাইন মাধ্যম- প্রতিবেদন (সংবাদ প্রতিবেদন, অনুসন্ধানী প্রতিবেদন, উপসম্পাদকীয়)।
- টেলিভিশন বা ভিজুয়াল মাধ্যম- ভিডিওগ্রাফিসহ প্রতিবেদন (সংবাদ প্রতিবেদন, অনুসন্ধানী প্রতিবেদন)।

### নিয়মাবলীঃ

- প্রতিবেদনের মোট ৩ টি কপি জমা দিতে হবে। প্রতিবেদনের সঙ্গে আবেদনের বিভাগ, অংশগ্রহনকারীর নাম (বাংলা ও ইংরেজি), বয়স, বিভাগ, জন্ম তারিখ (জন্ম সনদ, এসএসসি পাশের সনদ অথবা জাতীয় পরিচয়পত্রের অনুলিপি অনুযায়ী)। এছাড়া সরাসরি যোগাযোগের জন্য টেলিফোন নম্বর দিতে হবে। প্রকাশনা মাধ্যমের একজনের নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইলের ঠিকানা দিতে হবে (যার সাথে জমাদানকৃত বিষয়ের যথার্থতা যাচাইয়ের জন্যে যোগাযোগ করা যাবে)।
- সম্মাননা হিসেবে প্রত্যেক বিভাগে প্রথম পুরস্কার ক্রেস্ট ও সনদপত্রসহ ৫০ হাজার টাকা, দ্বিতীয় পুরস্কার ক্রেস্ট ও সনদপত্রসহ ২৫ হাজার টাকা এবং তৃতীয় পুরস্কার ক্রেস্ট ও সনদপত্রসহ ১৫ হাজার টাকা দেয়া হবে। প্রকাশিত বা প্রচারিত বিষয়ের মূল এক কপি করে জমা দিতে হবে। জমা দেওয়ার সময়সীমা ১০ ফেব্রুয়ারি, ২০১৮।
- কেবলমাত্র চূড়ান্তভাবে মনোনীতদের সাথেই যোগাযোগ করা হবে। অযাচিত যোগাযোগ গ্রহণযোগ্য হবে না বরং এতে অংশগ্রহণে অযোগ্য বিবেচিত/বাতিল হয়ে যেতে পারে।
- অংশ গ্রহনকারী তার প্রকাশিত/প্রচারিত একাধিক খবর/ফিচার জমা দিতে পারবে। তবে পুরস্কারের জন্য একটি বিষয়ই বিবেচিত হবে।
- এই পুরস্কার দেয়ার সব খরনের সিদ্ধান্ত গ্রহনের অধিকার এইচবিআরআইয়ের।
- চিঠি প্রদানের ঠিকানা: “এইচবিআরআই মিডিয়া অ্যাওয়ার্ড”, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, ১২০/৩ দারুস সালাম, মিরপুর, ঢাকা-১২১৬।

মোহাম্মদ আবু সাদেক, পিইঞ্জ  
পরিচালক